রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**রবিবার, জানুয়ারি ২৬, ২০২৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মন্ত্রিপরিষদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১২ মাঘ, ১৪৩১ বঙ্গাব্দ/ ২৬ জানুয়ারি, ২০২৫ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নম্বর ৪৫-আইন/২০২৫।**—সরকার ২৪ ডিসেম্বর ২০২৪ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন এস.আর.ও নম্বর ৪২৪-আইন/২০২৪ দ্বারা গঠিত জাতীয় স্বাধীন তদন্ত কমিশনের সভাপতি ও সদস্যবৃন্দের মর্যাদা, বেতন-ভাতাদি/সম্মানী এবং অন্যান্য সুযোগ-সুবিধা নিম্নরূপ নির্ধারণ করিল:

অন্য যে কোনো পেশা, ব্যবসায় কিংবা সরকারি, আধা-সরকারি, বেসরকারি প্রতিষ্ঠান/ সংগঠনের সহিত কর্ম-সম্পর্ক (যথা ডেপুটেশন, লিয়েন, ছুটি ইত্যাদি) থাকিলে তাহা সাময়িকভাবে স্থগিতের শর্তে তদন্ত কমিশনের সভাপতি বাংলাদেশ সুপ্রিম কোর্টের আপীল বিভাগের একজন বিচারক এবং কমিশনের সদস্যগণ হাইকোর্ট বিভাগের একজন বিচারকের মর্যাদা, বেতন-ভাতা ও অন্যান্য সুবিধা প্রাপ্য হইবেন।

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

ড. শেখ আব্দুর রশীদ
মন্ত্রিপরিষদ সচিব

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd



মূল্য : টাকা ৪.০০